কাল লোহাগাড়ায় টানা ১০ ঘন্টা বিদ্যুৎ থাকবে না

এলনিউজ২৪ডটকম : আগামীকাল ১৪ মে সোমবার সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত টানা ১০ ঘন্টা বিদ্যুৎ থাকবে না। আজ ১৩ মে রবিবার মুঠোফোনে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি লোহাগাড়া জোনাল অফিসের ডিজিএম বেলায়েত হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, ৩৩ হাজার ভোল্টের লাইনের রক্ষণাবেক্ষণ কাজের জন্য লোহাগাড়া উপজেলায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে। সাময়িক অসুবিধার জন্য কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেছেন তিনি।

এছাড়াও সতর্কীকরণের জন্য জানিয়েছেন, বিদ্যুৎ বন্ধ থাকা অবস্থায় লাইনের আশপাশের গাছের ডাল-পালা কর্তন করা থেকে বিরত থাকতে।